**গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার**
আঞ্চলিক সমবায় ইন্সটিটিউট
মৌলভীবাজার
czi.moulvibazar.gov.bd

স্মারক নং: ৪৭.৬১.০০০০.৪৪১.২৫.০০৭.২২. ১৬ (০৫) তারিখ: ১০.০২.২০২৬ খ্রি.

বিষয়: ২২.০২.২০২৬ খ্রি. (রবিবার) হতে ২৬.০২.২০২৬ খ্রি. (বৃহস্পতিবার) পর্যন্ত ০৫(পাঁচ) দিন মেয়াদী **"সমিতি ব্যবস্থাপনা"** বিষয়ক প্রশিক্ষণ (সিডিএফ) কোর্সে **পুরুষ** প্রশিক্ষণার্থী মনোনয়ন সংক্রান্ত।

সূত্র: অধ্যক্ষ (অতিরিক্ত নিবন্ধক), বাংলাদেশ সমবায় একাডেমি, কোটবাড়ী, কুমিল্লা মহোদয়ের কার্যালয়ের স্মারক নং: ৪৭.৬১.০০০০.৩৪১.২৫.০৪৭.১২-৪৯৪/১(১০), তারিখ: ২৫/০৬/২০২৪ খ্রি.

উপর্যুক্ত বিষয় ও সূত্রের পরিপ্রেক্ষিতে আগামী ২২.০২.২০২৬ খ্রি. (রবিবার) হতে ২৬.০২.২০২৬ খ্রি. (বৃহস্পতিবার) পর্যন্ত ০৫(পাঁচ) দিন মেয়াদী **"সমিতি ব্যবস্থাপনা"** বিষয়ক প্রশিক্ষণ কোর্স আঞ্চলিক সমবায় ইন্সটিটিউট, মৌলভীবাজার এ অনুষ্ঠিত হবে। উক্ত কোর্সে নির্ধারিত লক্ষ্যমাত্রা অনুযায়ী আগ্রহী সমবায় সমিতির ব্যবস্থাপনা কমিটির সদস্যদেরকে মনোনয়ন প্রদান পূর্বক যোগদান নিশ্চিত করার জন্য অনুরোধ করা হলো।

| ক্রমিক নং | জেলার নাম | প্রশিক্ষণার্থীর লক্ষ্যমাত্রা |
|---|---|---|
| ০১ | সিলেট | ০৫ জন |
| ০২ | সুনামগঞ্জ | ০৫ জন |
| ০৩ | মৌলভীবাজার | ০৫ জন |
| ০৪ | হবিগঞ্জ | ০৫ জন |
| ০৫ | ব্রাহ্মণবাড়িয়া | ০৫ জন |
| | **মোট** | **২৫ জন** |

**শর্তাবলী:**

১. প্রশিক্ষণার্থীদেরকে আগামী **২১.০২.২০২৬ খ্রি.** তারিখ **শনিবার** সন্ধ্যা ৬:০০ টার মধ্যে ইন্সটিটিউটের হোস্টেল কর্তৃপক্ষের নিকট রিপোর্ট করতে হবে।
২. ক্যাম্পাস ও হোস্টেলে অবস্থানকালীন এবং প্রশিক্ষণ ক্লাসে সার্বক্ষণিক স্বাস্থ্যবিধি কঠোরভাবে অনুসরণ করতে হবে।
৩. প্রশিক্ষণার্থীদের স্বাস্থ্যবিধি মেনে চলে প্রশিক্ষণ গ্রহণ করার লক্ষ্যে মাস্ক, হ্যান্ডগ্লাব্স, হ্যান্ড স্যানিটাইজারসহ ব্যক্তিগত স্বাস্থ্যসুরক্ষা সামগ্রী সাথে নিয়ে আসতে হবে।
৪. প্রশিক্ষণ কোর্সটি সম্পূর্ণ আবাসিক বিধায় প্রশিক্ষণার্থী ব্যতিত অন্য কেউ হোস্টেলে অবস্থান করার সুযোগ নেই। প্রশিক্ষণকালীন কোন ছুটি প্রদান করা হবেনা।
৫. মনোনীত প্রশিক্ষণার্থীগণকে সংশ্লিষ্ট জেলা বা উপজেলা সমবায় অফিসার কর্তৃক সত্যায়িত ০১(এক) কপি পাসপোর্ট সাইজের রঙিন ছবি, জাতীয় পরিচয়পত্রের ফটোকপি এবং মনোনয়নকৃত প্রশিক্ষণার্থীর সদস্য বহির তার নামের পাতার ফটোকপি সাথে আনতে হবে।
৬. প্রেরিত প্রশিক্ষণার্থীগণ নুন্যতম এসএসসি/সমমান পাশ হতে হবে এবং তা যাচাই পূর্বক প্রেরণ করতে হবে। প্রশিক্ষণার্থীদের অবশ্যই ব্যবস্থাপনা কমিটির **সভাপতি ও সম্পাদক** হতে হবে এবং কার্যকর সমবায় সমিতির সদস্যগণকে পাঠাতে হবে।
৭. বিগত ০২ (দুই) বছরের মধ্যে এ ইন্সটিটিউটে অনুরূপ প্রশিক্ষণ কোর্স গ্রহণ করেছেন এমন সমবায়ীকে প্রশিক্ষণার্থী হিসেবে পাঠানো যাবে না।
৮. প্রশিক্ষণার্থীদের মনোয়নপত্র অত্র কার্যালয়ে **১৯.০২.২০২৬ খ্রি.** তারিখের মধ্যে ই-মেইলে প্রেরণ নিশ্চিত করার জন্য অনুরোধ করা হ'ল।
৯. প্রশিক্ষণ কোর্সের নিয়ম মোতাবেক সকল সুযোগ-সুবিধাদী প্রাপ্য হবেন।

ইন্সটিটিউটের অবস্থান : মৌলভীবাজার জেলাশহর হতে ৫ কি:মি: দক্ষিণে ঢাকা-মৌলভীবাজার মহাসড়কে নতুন জেলখানার বিপরীতে অবস্থিত।

গাজী মোহাম্মদ সালাহ উদ্দিন
অধ্যক্ষ (উপ-নিবন্ধক)
আঞ্চলিক সমবায় ইন্সটিটিউট
মৌলভীবাজার।

প্রাপক,
জেলা সমবায় অফিসার,
সিলেট/সুনামগঞ্জ/মৌলভীবাজার/হবিগঞ্জ/ব্রাহ্মণবাড়িয়া ।

স্মারক নং: ৪৭.৬১.০০০০.৪৪১.২৫.০০৭.২২- ১৬ (০৫)/১(৮) তারিখ: ১০.০২.২০২৬ খ্রি.

অবগতির জন্য অনুলিপি প্রেরণ করা হলো-

১। অধ্যক্ষ-অতিরিক্ত নিবন্ধক, বাংলাদেশ সমবায় একাডেমি, কোটবাড়ী, কুমিল্লা । মহোদয়ের সদয় অবগতির জন্য।
২। যুগ্ম-নিবন্ধক, বিভাগীয় সমবায় দপ্তর, সিলেট /চট্রগ্রাম বিভাগ। মহোদয়ের সদয় অবগতির জন্য।
৩। জনাব ---------------------------কোর্স পরিচালক/হোস্টেল সুপার/আইটি সাপোর্ট, আঞ্চলিক সমবায় ইন্সটিটিউট, মৌলভীবাজার ।
৪। জনাব ---------------------------কুক/সাপোর্ট স্টাফ, আঞ্চলিক সমবায় ইন্সটিটিউট, মৌলভীবাজার ।
৫। অফিস নথি ।

অধ্যক্ষ (উপ-নিবন্ধক)
আঞ্চলিক সমবায় ইন্সটিটিউট
মৌলভীবাজার।